



বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)

বিএসএল অফিস কমপ্লেক্স-২ (৩য় তলা)

১ মিন্টো রোড, রমনা, ঢাকা-১০০০

www.bac.gov.bd

Training on External Quality Assessment (EQA) for Academic auditors'

অ্যাক্রেডিটেশনের জন্য উচ্চশিক্ষা প্রতিষ্ঠান/ অ্যাকাডেমিক প্রোগ্রামের বহিঃস্থ গুণগতমান নিরূপণের জন্য বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল ২৮-২৯ ডিসেম্বর ২০২৫ খ্রি. তারিখে দুই (০২) দিন ব্যাপী একাডেমিক অডিটরগণের জন্য বহিঃস্থ গুণগতমান নিরূপণ বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করে। উক্ত প্রশিক্ষণটি বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। প্রথম দিন প্রশিক্ষণটির শুভ উদ্বোধন করেন কাউন্সিলের চেয়ারম্যান প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ। এ সময় উপস্থিত ছিলেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের পূর্ণকালীন সদস্য প্রফেসর ড. এস. এম. কবীর, অ্যাক্রেডিটেশন বিভাগের পরিচালক প্রফেসর নাসির উদ্দীন আহাম্মেদ। শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন কাউন্সিল সচিব প্রফেসর এ.কে.এম. মুনিরুল ইসলাম এবং পরিচিতি পর্ব ও স্বাগত বক্তব্য প্রদান করেন অ্যাক্রেডিটেশন বিভাগের পরিচালক প্রফেসর নাসির উদ্দীন আহাম্মেদ। এ ছাড়া উপস্থিত ছিলেন নির্বাচিত ২১ জন একাডেমিক অডিটর, কাউন্সিলের অন্যান্য পরিচালক, উপপরিচালক এবং সহকারী পরিচালকবৃন্দ। কাউন্সিলের পক্ষ থেকে কাউন্সিলের ০২ জন কর্মকর্তা প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। প্রশিক্ষণে অ্যাক্রেডিটেশনের বিভিন্ন বিধি-বিধান বিষয়ে প্রবন্ধ উপস্থাপন করেন কাউন্সিলের চেয়ারম্যান প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ। তিনি উচ্চ শিক্ষায় অ্যাক্রেডিটেশনের গুরুত্ব এবং এতদসংশ্লিষ্ট বিষয়ে উচ্চ শিক্ষার গুণগতমান উন্নয়ন সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। এর পর বিএনকিউএফ এর কমপ্লয়েন্স সম্পর্কে বিশদ আলোচনা করেন বিএসি'র অডিটর প্রফেসর ড. সঞ্জয় কুমার অধিকারী। এছাড়া OBE কারিকুলাম নিয়ে বিস্তারিত তুলে ধরেন বিএসি'র অডিটর প্রফেসর ড. ফারহীন হাসান। প্রশিক্ষণের দ্বিতীয় দিনে EQA রিপোর্ট নিয়ে আলোচনা করেন কাউন্সিলের পূর্ণকালীন সদস্য প্রফেসর ড. এস. এম. কবীর এবং বিএসি'র রুরিক্স নিয়ে বিস্তারিত তুলে ধরেন বিএসি'র অডিটর প্রফেসর ড. খাজা ইফতেখার উদ্দিন আহমেদ। এ সম্পর্কে তাঁরা বিভিন্ন ডকুমেন্ট এবং প্রমাণক সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। প্রশিক্ষণের প্রশ্নোত্তর পর্বে প্রশিক্ষণে উপস্থিত সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ অ্যাক্রেডিটেশন সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে প্রশ্ন করেন এবং প্রশিক্ষণের উপস্থাপক তাদের সকল প্রশ্নের প্রেক্ষিতে বিভিন্ন বিষয়ে পরামর্শ প্রদান করেন।



বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)

বিএসএল অফিস কমপ্লেক্স-২ (৩য় তলা)

১ মিন্টো রোড, রমনা, ঢাকা-১০০০

www.bac.gov.bd





বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)

বিএসএল অফিস কমপ্লেক্স-২ (৩য় তলা)

১ মিন্টো রোড, রমনা, ঢাকা-১০০০

www.bac.gov.bd





বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)

বিএসএল অফিস কমপ্লেক্স-২ (৩য় তলা)

১ মিন্টো রোড, রমনা, ঢাকা-১০০০

www.bac.gov.bd

